গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দূর্যোগ ব্যবস্থাপনা শাখা)
ধামরাই, ঢাকা।

স্মারক নং- ৫১.০১.২৬১৪.০০০.৪২.০১৪.২৬- ৫৪৪ তারিখ ঃ-০৫/০৩/২০২৬ খ্রি.

বিষয় ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের পবিত্র ঈদ-উল-ফিতর/২০২৬ উপলক্ষ্যে ভিজিএফ খাদ্যশস্য (চাল) খাদ্য সহায়তা প্রদান ।

সূত্র ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ঢাকা এর স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০৩২.২৫.১৮৬, তারিখঃ ২২/০২/২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ধামরাই উপজেলায় ১৬ (ষোল) টি ইউনিয়নে পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় ৭৬৫ টি কার্ডের বিপরীতে ৭.৬৫০ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত চাল ইউনিয়ন ওয়ারী জনসংখ্যার ভিত্তিতে বিভাজনপূর্বক নিম্নবর্ণিত ভাবে ইউনিয়ন ওয়ারী উপ-বরাদ্দ করা হলো। উপ-বরাদ্দকৃত চাল ঈদ-উল ফিতরের পূর্বেই উত্তোলন ও বিতরণের নিমিত্ত ইউনিয়নের পার্শ্বে বর্ণিত পরিমান চাল সংশ্লিষ্ট ইউ,পি প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণের অনুকূলে অর্পনাদেশ জারী করা হলো। ইউনিয়ন ওয়ারী বরাদ্দকৃত চাল ধামরাই সরকারী খাদ্য গুদাম হতে সংশ্লিষ্ট ইউ, পি প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল অথবা তার ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি কর্তৃক উত্তোলন করে ইউ,পি গুদামে হেফাজতে রাখবেন। উপকারভোগীর তালিকা অত্রাফিসে জমা প্রদান করে ডিও গ্রহণ করতে হবে। বিতরণের দিন প্রত্যেক কার্ড ধারীকে ১০(দশ) কেজি হারে চাল ইউনিয়ন ত্রাণ তদারকি কর্মকর্তার ( ট্যাগ কর্মকর্তা) উপস্থিতিতে মাষ্টাররোলের মাধ্যমে বিতরণ করতে হবে। । বিতরণ শেষে ০৩ (তিন) দিনের মধ্যে মাষ্টাররোল দায়িত্ব প্রাপ্ত ত্রাণ তদারকি কর্মকর্তার প্রত্যয়ন স্বাক্ষরসহ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | ভি জি এফ কেন্দ্রের নাম | ইউ,পি প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানের নাম | কার্ড সংখ্যা | বরাদ্দকৃত চালের পরিমান মেঃ টন | সম্ভাব্য বিতরনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | চৌহাট | চেয়ারম্যান, চৌহাট ইউনিয়ন পরিষদ | ৫০ টি | ০.৫০০ মেঃ টন | ৮/০৩/২০২৬ |
| ২. | আমতা | চেয়ারম্যান, আমতা ইউনিয়ন পরিষদ | ৩৭ টি | ০.৩৭০ মেঃ টন | ৮/০৩/২০২৬ |
| ৩. | বালিয়া | প্রশাসক,বালিয়া ইউনিয়ন পরিষদ | ৪৫ টি | ০.৪৫০ মেঃ টন | ৮/০৩/২০২৬ |
| ৪. | যাদবপুর | প্রশাসক ,যাদবপুর ইউনিয়ন পরিষদ | ৪৫ টি | ০.৪৫০ মেঃ টন | ৮/০৩/২০২৬ |
| ৫. | বাইশাকান্দা | প্রশাসক, বাইশাকান্দা ইউনিয়ন পরিষদ | ৪০ টি | ০.৪০০ মেঃ টন | ৮/০৩/২০২৬ |
| ৬. | কুশুরা | প্রশাসক, কুশুরা ইউনিয়ন পরিষদ | ৬০ টি | ০.৬০০ মেঃ টন | ৮/০৩/২০২৬ |
| ৭. | গাঙ্গুটিয়া | প্রশাসক, গাঙ্গুটিয়া ইউনিয়ন পরিষদ | ৪৫ টি | ০.৪৫০ মেঃ টন | ৮/০৩/২০২৬ |
| ৮. | সানোড়া | প্যানেল চেয়ারম্যান, সানোড়া ইউনিয়ন পরিষদ | ৪৫ টি | ০.৪৫০ মেঃ টন | ৮/০৩/২০২৬ |
| ৯. | সুতিপাড়া | চেয়ারম্যান, সুতিপাড়া ইউনিয়ন পরিষদ | ৬৫ টি | ০.৬৫০ মেঃ টন | ০৯/০৩/২০২৬ |
| ১০. | সোমভাগ | প্রশাসক, সোমভাগ ইউনিয়ন পরিষদ | ৬৩ টি | ০.৬৩০ মেঃ টন | ০৯/০৩/২০২৬ |
| ১১. | ভাড়ারিয়া | প্রশাসক, ভাড়ারিয়া ইউনিয়ন পরিষদ | ৩০ টি | ০.৩০০ মেঃ টন | ০৯/০৩/২০২৬ |
| ১২. | ধামরাই | প্যানেল চেয়ারম্যান, ধামরাই ইউনিয়ন পরিষদ | ৩০ টি | ০.৩০০ মেঃ টন | ০৯/০৩/২০২৬ |
| ১৩ | কুল্লা | প্রশাসক, কুল্লা ইউনিয়ন পরিষদ | ৮০ টি | ০.৮০০ মেঃ টন | ০৯/০৩/২০২৬ |
| ১৪ | সুয়াপুর | প্রশাসক, সুয়াপুর ইউনিয়ন পরিষদ | ৪০ টি | ০.৪০০ মেঃ টন | ০৯/০৩/২০২৬ |
| ১৫ | রোয়াইল | প্রশাসক, রোয়াইল ইউনিয়ন পরিষদ | ৫০ টি | ০.৫০০ মেঃ টন | ০৯/০৩/২০২৬ |
| ১৬ | নান্নার | প্রশাসক , নান্নার ইউনিয়ন পরিষদ | ৪০ টি | ০.৪০০ মেঃ টন | ০৯/০৩/২০২৬ |
| মোটঃ- সাত দশমিক ছয় পাঁচ শূন্য মে: টন | | | ৭৬৫ টি | ৭.৬৫০ মেঃ টন | ---- |

ভি.জি.এফ কার্ড বিতরনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪ টি শর্ত পুরন করে এমন ব্যক্তি/ পরিবার, দুঃস্থ্য/ অতি দরিদ্রগনকে অগ্রাধিকার দিতে হবে।

শর্তাবলী ঃ

১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২। যে পরিবারে দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩। যে পরিবারে মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪। যে পরিবারে উপার্জনক্ষম পুনঃ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।

৬। যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।

৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিছিন্ন বা তালাক প্রাপ্তা মহিলা।

৮। যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।

৯। যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।

১০। যে পরিবারে কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।

১১। যে পরিবারে প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/ অর্থ সংকটে পড়েছে।

১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময়ে দুবেলা খাবার পায় না।

১৩। ইউনিয়ন/ পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রনীত ও প্রত্যায়িত হতে হবে।

১৪। ভিজিএফ উপকারভোগী তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড বরাদ্দ না পায়।

১৫। উপবরাদ্দকৃত চাল মনবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক যথা নিয়মে বিতরন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব তাঁর কার্যালয়ে সংরক্ষন করবেন।

(খান সালমান হাবীব)
উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা

প্রাপক ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ধামরাই, ঢাকা।

স্মারক নং- ৫১.০১.২৬১৪.০০০.৪২.০১৪.২৬- ৫৪৪/১(৬৭)

তারিখ ঃ-০৫/০৩/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১৯৩, ঢাকা-২০, ধামরাই, ঢাকা

২। জেলা প্রশাসক, ঢাকা

৩। জেলা ত্রাণ পুনর্বাসন কর্মকর্তা, ঢাকা

৪। উপজেলা ........................................................ কর্মকর্তা ও ত্রাণ তদারকি কর্মকর্তা ......................... ইউপি। বিতরন কেন্দ্রে নির্ধারিত তারিখে উপস্থিত থেকে প্রত্যেক ভি জি এফ কার্ডধারীকে ১০(দশ) কেজি হারে চাল বিতরন নিশ্চিত করতে তাকে অনুরোধ করা হলো। বিতরন কার্যক্রম সঠিকভাবে তদারকি করতঃ বিতরন এর মাষ্টাররোল ও বিতরন প্রতিবেদন ছকে বিতরন সম্পর্কিত বিষয়ে তিনি তাঁর প্রত্যয়ন প্রদান করবেন।

৫। প্রশাসক/প্যানেল চেয়ারম্যান ........................................ ইউ, পি তাঁকে সূত্রে উল্লেখিত পত্রের নির্দেশনা অনুযায়ী ইউনিয়নের দুস্থ, প্রতিবন্ধী, বিধবা, অতিশয় বৃদ্ধ, অসহায়, হরিজন ও দলিত জনগোষ্টির অগ্রাধিকার তালিকা প্রণয়ন পূর্বক অনুমোদিত তালিকা অনুযায়ী নির্ধারিত তারিখে ভি, জি এফ খাদ্যশস্য বিতরণ করতে হবে। ঈদ-উল-ফিতর পূর্বেই স্থানীয় সরকারী খাদ্য গুদাম হতে খাদ্যশস্য উত্তোলন করে নিজ দায়িত্বে গুদামজাত করবেন। বিতরনের দিনে সকাল ৯.০০ টা হতে তাঁর ইউনিয়নের দায়িত্বে নিয়োজিত ত্রান তদারকি কর্মকর্তার উপস্থিতিতে প্রতি কার্ডধারীকে ১০ (দশ) কেজি হারে খাদ্যশস্য মাষ্টাররোলের মাধ্যমে বিতরন নিশ্চিত করবেন। বিতরন শেষে বিতরন প্রতিবেদন (ত্রান-তদারকি কর্মকর্তার বিতরন সম্পর্কিত প্রত্যয়ন স্বাক্ষর সহ) বিতরনের ০৩ (তিন) দিনের মধ্যে আবশ্যিক ভাবে মাষ্টাররোল সহ অত্রাফিসের ত্রাণ শাখায় জমা দিতে হবে। অন্যথায় কোন প্রকার আইনগত জটিলতা সৃষ্টি হইলে এ অফিস কোন প্রকার দায় দায়িত্ব বহন করিবেনা।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ধামরাই, ঢাকা সরকারী খাদ্যগুদাম। আপনাকে ভিজিএফ কর্মসূচীর আওতায় দুঃস্থ গরিবদের মাঝে বিনামূল্যে বিতরনের লক্ষ্যে খাদ্যশস্যের সঠিক ওজন ও গুণগত মানের চাল সরবরাহ করতে অনুরোধ করা হলো।

৭। অফিস কপি।

০৫/০৩/২০২৬
(এ কে এম মোহিতুল ইসলাম)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ধামরাই, ঢাকা